

২০১৬ সালের মধ্যে প্রাথমিক স্কুলে আসছে মান্টিমিডিয়া ক্লাসরুম

যায়যায়দিন রিপোর্ট

আগামী ২০১৬ সালের জুন মাসের মধ্যে পর্যায়ক্রমে দেশের ৩৭ হাজার ৬৭২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে আধুনিক মান্টিমিডিয়া ক্লাসরুম এবং ডিজিটাল পাঠদান পদ্ধতি চালু করা হবে।

প্রাথমিক ও গণশিক্ষা মহাপরিদপের সূত্র জানায়, সরকার শিক্ষায় আইসিটি'র ব্যবহার নিয়ে নানা কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করছে। সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোর শ্রেণিকক্ষে শিশু শেখানো কার্যক্রমকে আরো অংশগ্রহণমূলক, প্রাণকণ্ড ও আনন্দঘন করার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে এরই মধ্যে ইতোমধ্যে ১ হাজার ৫০০টি মান্টিমিডিয়া ক্লাসরুম প্রতিষ্ঠা করতে হয়েছে।

সূত্র জানায়, চলতি বছরের ডিসেম্বর নাগাদ ৭ হাজার ৪০৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মান্টিমিডিয়া ক্লাসরুম চালু করা হবে। ২০১৬ সালের মধ্যে ৩৭ হাজার ৬৭২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মান্টিমিডিয়া ক্লাসরুম চালু করা হবে।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের শিক্ষা অফিসার (প্রশিক্ষণ) মো. মেলোয়ার হোসেন জানান, শ্রেণিকক্ষে কোনো শিক্ষক উদ্ভিদের ছবি অথবা সৌররঙগত নিয়ে পাঠদান এতদিন শুধুমাত্র টেবিল ও সাদাকালো ছবি দেখিয়ে পড়ানো হতো।

তিনি বলেন, এখন মান্টিমিডিয়া ক্লাসে একজন শিক্ষক ইন্টারনেটে আন্তর্জাতিক মানের ছবি, অডিও, ভিডিও, অ্যানিমেশন ও স্ক্রিপ ডাউনলোড করে জা পেশীয় শিক্ষকদের সঙ্গে সাহসসাপূর্বক সরাসরি ও বিয়োজন করে ডিজিটাল কনটেন্ট তৈরি করেন এবং শিক্ষার্থীদের সামনে জা আনন্দঘন করে উপস্থাপন করছেন। চোখের সামনে ভেসে ওঠা ছবির রঙিন দৃশ্য ও সহজ বর্ণনা শিক্ষার্থীর শিশু প্রকৃতি অনেক বেশি স্ক্রী ও আনন্দময়ক। এতে শিক্ষার্থী না শুধু পড়া মুখস্থ করা থেকে বিরত থাকছে এবং পড়ায় আরো মনোযোগী হচ্ছে।

মেলোয়ার হোসেন জানান, মান্টিমিডিয়া ক্লাসরুম চালুর পাশাপাশি চলছে শিক্ষক প্রশিক্ষণ। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের উদ্যোগে ইতোমধ্যেই দেশের ৩৭০ জন প্রশিক্ষকের প্রশিক্ষণ প্রদান করে একটি রিসোর্স পুল তৈরি করা হয়েছে। এ রিসোর্স পুলের আওতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ২০১১-১২ অর্থবছরে ২১০০ জন শিক্ষক এবং ২০১২-১৩ অর্থবছরে আরো প্রায় ৩১০০ জন শিক্ষককে ডিজিটাল কনটেন্ট তৈরি ও এর ব্যবহার বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২০১৩-১৪ অর্থবছরে আরো ৭৫০০ জন শিক্ষক ও ১০০ জন কর্মকর্তাকে এ প্রশিক্ষণ প্রদান করা হবে। পর্যায়ক্রমে দেশের সব শিক্ষককে এ প্রশিক্ষণের আওতায় আনার পরিকল্পনা রয়েছে।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক শ্যামল কান্তি ঘোষ জানান, মান্টিমিডিয়া ক্লাসরুমে পাঠদান শিক্ষার্থীদের মুখস্থ বিদ্যা থেকে বেরিয়ে আনছে। ক্লাসের পাঠ ক্লাসেই সেরে নিচ্ছে।

তিনি বলেন, প্রাথমিক শিক্ষার সব শ্রেণির সব পাঠ্যবই ইতোমধ্যে ই-বুক আকারে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। পৃথিবীর যেকোনো প্রান্ত থেকে যেকোনো শিক্ষার্থী এ ওয়েবসাইট থেকে পাঠ্যবই দেখতে ও ডাউনলোড করে পড়তে পারেন।